# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারক নং-বশিবো/বি:নিব:/২০২২/০৩(৬ষ্ঠ খন্ড)/২৯ | তারিখ: ১২.০৫.২০২২খ্রি.

**বিষয় : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নবম শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি (পঠন বাধ্যতামূলক)।**

কর্তৃপক্ষের নির্দেশক্রমে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নবম শ্রেণির শিক্ষার্থীদের (২০২৪ সালের এসএসসি পরীক্ষার্থী) নিবন্ধন প্রক্রিয়া Online এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নরূপ:

০১। দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা, যারা অত্র শিক্ষাবোর্ডের আওতাধীন কোন বিদ্যালয়ে নবম শ্রেণিতে ভর্তি হয়েছে তারাই কেবল ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে নিবন্ধন করতে পারবে।

০২। কোন ছাত্র/ছাত্রীর বয়স ১লা জানুয়ারি (পরীক্ষার বছর-২০২৪) ১৪ বছরের কম বা ২০ বছরের বেশী হলে উক্ত ছাত্র/ছাত্রীর নিবন্ধন বাতিল হবে।

০৩। নির্ধারিত তারিখের পর নিবন্ধন করা যাবে না।

০৪। স্বীকৃতি নবায়ন/পাঠদানের অনুমতির মেয়াদ **৩১.১২.২০২২** তারিখ পর্যন্ত অবশ্যই নবায়ন থাকতে হবে। যে সকল বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রক্রিয়াধীন তার প্রমাণপত্র বিদ্যালয় পরিদর্শককে অবহিত করতে হবে ।

০৫। বিজ্ঞান বিভাগ/ব্যবসায় শিক্ষা বিভাগ/কৃষি শিক্ষা বিষয়/গার্হস্থ্য বিজ্ঞান বিষয়/অন্য কোন ঐচ্ছিক বিষয়ের স্থায়ী অনুমতি না থাকলে উল্লিখিত বিভাগ/বিষয়সমূহের বিশেষ অনুমতির জন্য নির্ধারিত ফি দিয়ে অনলাইনে আবেদন করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত বিষয়ে জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক দায়ী থাকবেন।

০৬। কোন বিভাগ/বিষয়ের স্থায়ী অনুমতি না থাকলে নিবন্ধনকালে সে সকল বিভাগ/বিষয় গ্রহণ করতে চাইলে তার বিশেষ অনুমতির আবেদন ও টি.টি স্লিপের সত্যায়িত কপি বিদ্যালয় পরিদর্শক বরাবর প্রেরণ করতে হবে।

০৭। জেলা / উপজেলার সকল বালিকা ও সহশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের নিকট হতে আদায়কৃত গার্লস গাইড ফিসের অর্থ সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের আওতাধীন গার্লস গাইড তহবিলে জমা দিয়ে রশিদের কপি এবং গার্লস গাইড রেজিস্ট্রেশন ফিসের টাকা ডিডির মাধ্যমে বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, বরিশাল অঞ্চল বরাবর জমা দিয়ে পরিশোধের কপি বোর্ডে প্রেরণ করতে হবে।

০৮। জেলা ও উপজেলা স্কাউট ফি সংশ্লিষ্ট জেলায় ও উপজেলায় জমা দিয়ে রশিদের কপি এবং বিশ্ব স্কাউট ফি (বিদ্যালয় প্রতি) ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের বরাবর পরিশোধ করে পরিশোধের রশিদ ই-মেইলে প্রেরণ করতে হবে ।

০৯। শিক্ষামন্ত্রণালয়ের ১৭.১২.২০২০ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৯ম ও ১০ম শ্রেণিতে (২০+২০)= ৪০ টাকা হারে এককালীন রেড ক্রিসেন্ট ফি আদায় করবে। উক্ত ৪০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ২৪(চব্বিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ১৬(ষোল) টাকা শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

১০। বিভাগওয়ারী রোলের ধারাবাহিকতা রক্ষা করতে হবে এবং কোন বিদ্যালয়ে যদি একাধিক শাখা থাকে তবে "ক" শাখায় ১-৫০ পর্যন্ত রোল নম্বর থাকলে "খ" শাখায় ৫১ থেকে শুরু করতে হবে (একই রোল ২ বার ব্যবহার করা যাবে না)।

১১। কোন শিক্ষার্থীকে একাধিক বিদ্যালয়ে নিবন্ধন করার সুযোগ নেই বিধায় নিবন্ধন নম্বরের প্রতিটি ডিজিট সতর্কতার সাথে এন্ট্রি করার জন্য বলা হলো। অসাবধানতাবশত: ভুল ডিজিট এন্ট্রি দেয়ার কারণে অন্য প্রতিষ্ঠানের কোন শিক্ষার্থী নিবন্ধিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককেই বহন করতে হবে।

চলমান পাতা-২

১২। শিক্ষার্থী প্রতি নিবন্ধন ফি এর বিবরণ:

| ক্র:নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ক) | নিবন্ধন ফি | ১০০ টাকা |
| খ) | ক্রীড়া ফি | ৫০ টাকা |
| গ) | স্কাউট/গার্লস্ গাইড ফি | ১৫ টাকা |
| ঘ) | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৫ টাকা |
| ঙ) | প্রতিবন্ধী ফি | ৫ টাকা |
| চ) | রেড ক্রিসেন্ট ফি | ১৬ টাকা |
| ছ) | ই-সার্ভিস চার্জ | ১৭ টাকা |
| জ) | বিএনসিসি ক্যাডেটদের প্রশিক্ষণ ও কল্যাণ ফি | ৫ টাকা |
| | মোট ফি | ২১৩ টাকা |

(ঝ) বার্ষিক এককালীন ক্রীড়া মঞ্জুরী ফি (বিদ্যালয় প্রতি)- ৩০০ টাকা

**১৩। নিবন্ধন ফি জমা দেয়া ও eSIF data entry এর সময়সূচী:**

**(ক) eSIF প্যানেল Login করে সোনালী ই-সেবার মাধ্যমে ফি পরিশোধের তারিখ- ২২.০৫.২০২২ থেকে ৩১.০৫.২০২২ তারিখ পর্যন্ত।**

**(খ) Online এ নিবন্ধন করার (eSIF data entry পূরণের) তারিখ: সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার পর থেকেই eSIF data entry করা যাবে এবং ১৫.০৬.২০২২ তারিখ পর্যন্ত বহাল থাকবে।**

**(গ) নবম শ্রেণির নিবন্ধনের ক্ষেত্রে নবম শ্রেণির Password ব্যবহার করতে হবে। কোন অবস্থায়ই জেএসসি Password ব্যবহার করা যাবে না।**

বি:দ্র:- নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান নিজেই দায়ী থাকবেন। অতিরিক্ত অর্থ আদায়ের প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

12.05.2022

(মো: রফিকুল ইসলাম খান-১০৬০৪)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল
স্বীকৃতি প্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ/মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
০৩। হিসাবরক্ষণ কর্মকর্তা , মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
০৪। জেলা শিক্ষা অফিসার, বরিশাল/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ভোলা/ঝালকাঠি
০৫। সিস্টেম এনালিষ্ট (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল)....(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)
০৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০৮। সংরক্ষণ